

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 14-04-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Re-poll :**

রাজ্য নির্বাচন কমিশনার এডিসি নির্বাচনে পেকুয়ারজলা-জন্মেজয়নগর কেন্দ্রের হীরাপুর এস.বি. স্কুল এবং কুলাই-চম্পাহাওর কেন্দ্রের ভাটিময়দান এস.বি. স্কুল এবং রামদেব ঠাকুর পাড়া ভোটকেন্দ্রে পুনরায় ভোট গ্রহণের নির্দেশ দিয়েছেন। রাজ্য নির্বাচন কমিশন থেকে জানানো হয়েছে, রাজ্য নির্বাচন কমিশনার এইসব ভোটকেন্দ্রে ভোটগ্রহণ চলাকালীন সংঘটিত কিছু ঘটনার বিষয়ে গভীর গুরুত্ব সহকারে দৃষ্টিপাত করেছেন। নির্ভরযোগ্য ভিডিও প্রমাণ এবং পর্যবেক্ষকের পেশ করা রিপোর্টের ভিত্তিতে, প্রাথমিকভাবে এটি প্রমাণিত হয়েছে যে, কিছু ব্যক্তি ইভিএম-এ কারসাজি করে ভোটগ্রহণ প্রক্রিয়াকে কলুষিত করার দুরভিসন্ধিমূলক প্রচেষ্টা চালিয়েছিল, যার ফলে অবাধ ও সুষ্ঠু নির্বাচন প্রক্রিয়া ব্যাহত হওয়ার উপক্রম হয়েছিল। কমিশন এই ধরনের কার্যকলাপকে অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করছে। নির্বাচনী প্রক্রিয়ার অখণ্ডতা, স্বচ্ছতা এবং বিশ্বাসযোগ্যতা বজায় রাখা কমিশনের কাছে সর্বাগ্রে গুরুত্বপূর্ণ। সে কারণেই রাজ্য নির্বাচন কমিশনার আগামী ১৬ই এপ্রিল সেই সবভোট কেন্দ্রে সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত পুনরায় ভোট গ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন।

\*\*\*\*\*

**Navabarsha :**

আজ চৈত্র সংক্রান্তি । ১৪৩২ বঙ্গাব্দের শেষ দিন । আগামীকাল থেকে শুরু হবে নতুন বছর ১৪৩৩ বঙ্গাব্দ । নতুন বছরকে স্বাগত জানাতে প্রস্তুতির পাশাপাশি পুরানো বছরকে বিদায় জানাতেও ঘরে ঘরে নানা আয়োজন । আজকের দিনটি মহাবিশু বা মহাবৈশু হিসাবে উদযাপিত হয় । রাজ্যের জাতি -জনজাতি উভয় অংশের জনগণের কাছেই দিনটি বিশেষ তাৎপর্যের । চৈত্র সংক্রান্তির এই দিনে রাজ্যের বিভিন্ন গ্রামীণ এলাকায় চরকপূজা ও চরকমেলারও আয়োজন করা হয় । আজই শেষ হবে জমজমাট রিডাকশন সেল ।

\*\*\*\*\*

### **Governor Greeting :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগু বাংলা নববর্ষ উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন । এক শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, পয়লা বৈশাখ হল বাংলা নববর্ষের প্রথম দিন । ত্রিপুরাবাসীর মধ্যে শান্তি, সুখ-সমৃদ্ধি, সৌভ্রাতৃত্ববোধ, ভালবাসা বয়ে আনুক এই কামনা করেন তিনি ।

\*\*\*\*\*

### **CM Greeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বিজু উৎসব, গড়িয়া উৎসব, বৈসু উৎসব এবং বাংলা নববর্ষ উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন । শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, →ঐতিহ্যবাহী এই উৎসবগুলি আমাদের সমৃদ্ধ সংস্কৃতি, গৌরবময় ঐতিহ্য এবং ভ্রাতৃত্ববোধের প্রতীক । মুখ্যমন্ত্রী রাজ্যের সকল অংশের জনগণের সুখ, সমৃদ্ধি ও সার্বিক মঙ্গল কামনা করেন ।

\*\*\*\*\*

### **PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের নারীশক্তি তাঁদের পরিশ্রম, সাহস ও আত্মবিশ্বাসের মাধ্যমে নতুন উচ্চতায় পৌঁছেছে। তিনি সবাইকে নারী ক্ষমতায়নের লক্ষ্যে আরও সুযোগ সৃষ্টি করতে একযোগে কাজ করার আহ্বান জানান। গতকাল নতুন দিল্লিতে ‘নারী শক্তি বন্দন সম্মেলন’-এ ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, নারী ক্ষমতায়নের উদ্দেশ্যে একবিংশ শতাব্দীর অন্যতম বড় সিদ্ধান্ত নিতে চলেছে ভারত। সংসদ এক নতুন ইতিহাস রচনার পথে, যা অতীত ও ভবিষ্যতের আকাঙ্ক্ষাকে পূরণ করবে। তিনি বলেন, গণতান্ত্রিক কাঠামোতে নারীদের জন্য সংরক্ষণ অত্যন্ত প্রয়োজনীয়, কারণ নারীদের অংশগ্রহণ দেশের গণতন্ত্রকে আরও শক্তিশালী করে।

#####Byte-PM#####

\*\*\*\*\*

### **BR Ambedkar :**

সংবিধানের অন্যতম প্রণেতা ভারতরত্ন ডঃ ভীম রাও আম্বেদকরের আজ ১৩৬ তম জন্মজয়ন্তী। বিশিষ্ট শিক্ষাবিদ ও সমাজ সংস্কারক ডঃ আম্বেদকরের জন্ম ১৮৯১ সালে ততকালীন সেন্ট্রাল প্রভিঞ্জ বর্তমানে মধ্যপ্রদেশে। সারা দেশে তাঁর জন্মজয়ন্তী পালনে নানা কর্মসূচী নেওয়া হয়েছে। রাজ্যের মূল অনুষ্ঠানটি আজ সকালে অনুষ্ঠিত হবে আগরতলার উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে।

\*\*\*\*\*

### **Governor Garia Puja :**

রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাজ্যের কৃষ্টি সংস্কৃতি ও পুরনো ঐতিহ্য গুলো রাজ্যবাসীর গর্ব। এই পুরনো ঐতিহ্য গুলো যথাযথ সম্মানের সঙ্গে উদযাপন করা উচিত। গতকাল তেলিয়ামুড়া মহকুমার গর্জনতলি গ্রামে

জমাতিয়া হদার উদ্যোগে আয়োজিত গড়িয়া পূজা উৎসবের সূচনা করে একথা বলেন তিনি।

\*\*\*\*\*

### **PM-Tamilnadu :**

প্রবীন বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বিজেপি নেতৃত্বাধীন এন.ডি.এ সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার হলো কৃষকদের কল্যাণ। প্রধানমন্ত্রী নমো অ্যাপের মাধ্যমে ‘মেরা বুথ সবসে মজবুত সংবাদ কর্মসূচির আওতায় তামিলনাড়ুর বিজেপি কর্মীদের সঙ্গে মতবিনিময়কালে তিনি একথা বলেন। তিনি বলেন, কেন্দ্রে এন.ডি.এ সরকার ক্ষমতায় আসার পর তামিলনাড়ুতে রেল, মহাসড়ক, বন্দর এবং বিমানবন্দর সম্পর্কিত বেশ কয়েকটি প্রকল্প চালু করা হয়েছে।

\*\*\*\*\*

### **Training-Counting Personal :**

খোয়াই মহকুমার অন্তর্গত এ.ডি.সি-র হালাহালি-আশারামবাড়ি ও রামচন্দ্রঘাট কেন্দ্রের ভোট গণনার কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে গতকাল খোয়াই মহকুমার রিটার্নিং অফিসারের কার্যালয়ের কনফারেন্স হলে ভোট গণনার কাজে নিযুক্ত কর্মীদের নিয়ে এক মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় ৩৪ জন কাউন্টিং অ্যাসিস্টেন্ট ও ৩৪ জন কাউন্টিং সুপারভাইজার হাতে কলমে প্রশিক্ষণ নেন।

\*\*\*\*\*

### **Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলাতেই ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি

সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*